

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৪০২৭


তারিখ: ২১ কার্তিক ১৪২৪
২৬ অক্টোবর ২০১৭

প্রাপক,
সভাপতি
সোনাখুলী মুন্সীপাড়া কামিল মাদরাসা
সৈয়দপুর, নীলফামারী।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৮৭৬৮/১৭ এর আদেশ মোতাবেক ৩০/০৫/২০১৭ ইং তারিখে বিশ্ববিদ্যালয়ে দায়েরকৃত আবেদনটি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

জনাব,
আপনি ৩০/০৫/১৭ ইং তারিখে গভর্নিং বডি অনুমোদনের জন্য যে আবেদন দাখিল করেছেন তা বিশ্ববিদ্যালয়ের জারিকৃত পরিপত্র (ই.আবি/রেজি:/প্রশাসন/১/২০১৬/১৮১২ তারিখ ১৭/০৭/২০১৭) মোতাবেক হয়নি। অপরদিকে গঠিতব্য গভর্নিং বডির প্রথম সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই ১৭/১২/১৬ ইং তারিখে গভর্নিং বডির নির্বাচিত ও মনোনীত বিভিন্ন ক্যাটাগরীর নয় (০৯) জন সদস্য বিভিন্ন কারণ দেখিয়ে পদত্যাগ করেছেন। এ বিষয়ে ব্যাখ্যা চেয়ে আপনার নিকট ২৮/০৯/১৭ ইং তারিখে পত্র প্রেরণ করা হলেও আপনি কোন লিখিত জবাব দাখিল করেননি। উক্ত বিষয়টি তদন্তের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক এক (০১) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন কর হয়। উক্ত কমিটির তদন্ত প্রতিবেদনে গভর্নিং বডির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি বাতিল করে বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী এডহক কমিটি গঠনের সুপারিশ করা হয়েছে।

এমতাবস্থায়, আপনার ৩০/০৫/১৭ ইং তারিখের আবেদনটি জারিকৃত পরিপত্র মোতাবেক অধ্যক্ষ কর্তৃক দাখিল না করায় এবং গঠিতব্য গভর্নিং বডির বিভিন্ন ক্যাটাগরীর নয় (০৯) জন সদস্য পদত্যাগ করায় আপনার দাখিলকৃত ৩০/০৫/১৭ ইং তারিখের আবেদন মোতাবেক গভর্নিং বডির অনুমোদন দেয়া সম্ভব নয়।



রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৪০২৭ (৩০)

৩০-১০/১০/২০১৭

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, রমনা ঢাকা।
২. জেলা প্রশাসক, নীলফামারী।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নীলফামারী।
৪. অধ্যক্ষ, সোনাখুলী মুন্সীপাড়া কামিল মাদরাসা, সৈয়দপুর, নীলফামারী।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর।
৬. এ্যাড. জেসমিন সুলতানা সামসাদ, আইন উপদেষ্টা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. মহিউদ্দীন এম. এ. কাদের এ্যাড. বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৩০৯, এক্সট্রা (এনেক্স), মোবা- ০১৭১১৩৫২৬২৬
৮. আইন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৯. আই.সি.টি (অনলাইনে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
১০. সংশ্লিষ্ট নথি।



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়